আজকের কাগজ

তারিখ ... 04 AUG 1994
পৃষ্ঠা 7 কলাম ৮

১০৫

এইচএসসি পরীক্ষা

## সিলেটে ইংরেজি প্রশ্নপত্রসহ দু'জন গ্রেফতার

শামীম আহমদ সিদ্দিকী : কুমিল্লা শিক্ষাবোর্ডের এইচএসসি পরীক্ষার 'ক' ও 'খ' সেটে ছাপানো ইংরেজি ১ম পত্রের প্রশ্নপত্রসহ কোতোয়ালি পুলিশ গতকাল রাত ৮টার দিকে সিলেট শহরের কুদরত উল্লা মসজিদের গেট থেকে দু'ব্যক্তিকে গ্রেফতার করেছে। গ্রেফতারকৃতরা হচ্ছে, গোয়াইনঘাটের মুজিবুর রহমান (২০) সে সিলেট এমসি কলেজের বিএ ১ম বর্ষের ছাত্র। অপরজন মৌলভীবাজার জেলার বড়লেখা থানার ওমর চাঁদ নাথ। সে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের এমএ শেষ বর্ষের ছাত্র। কুমিল্লা বোর্ডের এইচএসসি পরীক্ষার ইংরেজি ১ম পত্র পরীক্ষা আজ। তবে অনেক পরীক্ষার্থীই ইতিমধ্যে ফাঁস হওয়া প্রশ্নপত্র সংগ্রহ করেছে বলে জানা যায়। গ্রেফতারকৃতদের ব্যাপক জিজ্ঞাসাবাদ করা হচ্ছে। উল্লেখ্য যে, 'খ' সেটের প্রশ্ন দিয়ে পরীক্ষা হচ্ছে।